তুরস্কের ফার্স্ট লেডি এমিনে এরদোগানের সঙ্গে জুবাইদা রহমানের বৈঠক



জুবাইদা রহমান। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের স্ত্রী ডা. জুবাইদা রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন তুরস্কের ফার্স্ট লেডি এমিনে এরদোগান। মঙ্গলবার (১০ নভেম্বর) স্থানীয় সময় সন্ধ্যায় তুরস্কের আন্তালিয়ায় তাঁদের এ সাক্ষাৎ হয়।

সাক্ষাতে জলবায়ু ন্যায়বিচার, টেকসই উন্নয়ন ও বর্জ্যহীন পরিবেশ গড়ে তোলার উদ্যোগ নিয়ে আলোচনা করেন তাঁরা। এসব লক্ষ্য অর্জনে আন্তর্জাতিক পর্যায়ে সহযোগিতা বাড়ানোর প্রয়োজনীয়তার বিষয়টিও উঠে আসে।

এ ছাড়া পরিবেশ সুরক্ষা ও জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় বিভিন্ন দেশের সম্মিলিত উদ্যোগ এবং পারস্পরিক অংশীদারত্বের ওপর গুরুত্ব দেন তাঁরা। জাতিসংঘের আসন্ন জলবায়ু সম্মেলনকে সামনে রেখে বৈশ্বিক সমন্বয়ের বিষয়েও আলোচনা হয়।

উল্লেখ্য, তুরস্কের আন্তালিয়ায় জাতিসংঘের জলবায়ু সম্মেলন কপ-৩১ অনুষ্ঠিত হচ্ছে। এতে বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকারপ্রধান, প্রতিনিধি এবং জলবায়ু বিশেষজ্ঞরা অংশ নিচ্ছেন। জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা, অর্থায়ন ও আন্তর্জাতিক সহযোগিতা এবারের সম্মেলনের আলোচ্য বিষয়গুলোর মধ্যে রয়েছে।